গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০১০.১৯/ ৯০ তারিখ: ১৭ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিঃ।

**কাস্টমস রুলিং (অগ্রিম) নং-০১/২০২০**

**বিষয় : "Recovered (waste and scrap) paper or paper board or FBB/Duplex board " নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।**

সূত্র : COLOR VISION কর্তৃক ১২/১২/২০১৯ খ্রিঃ তারিখে দাখিলকৃত আবেদন।

COLOR VISION নামক প্রতিষ্ঠান "Recovered (waste and scrap) paper or paper board or FBB/Duplex board " নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারীর পরিচিতি:

| | |
|---|---|
| আবেদনকারীর নাম | COLOR VISION |
| আবেদনকারীর ঠিকানা | সত্ত্বাধিকারী, কালার ভিশন, ৫৫, পুরানো পল্টন, আজাদ সেন্টার, সুইট#১৩/এফ, ঢাকা-১০০০। |
| টেলিফোন নম্বর | 01743-257757 / 01819-126869 |

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

| | |
|---|---|
| পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম | Recovered (waste and scrap) paper or paper board or FBB/ Duplex board |
| যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে | Bulk volume in bundle/ poly pack of different measurement/ GSM |
| উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন) | India, China, Malaysia, Korea & Indonesia, Thailand, Greece. Chile |
| আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণীবিন্যাস | 4707.20.00 |

২। আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানিয় পণ্যের বিবরণ:

পণ্যটি বিভিন্ন আমদানিকারক কর্তৃক উৎপাদনকারী উৎস্য দেশের পেপার/ বোর্ড মিলগুলোর উৎপাদন প্রক্রিয়ায় সনাক্ত নিম্নমান সম্পন্ন পেপার ও পেপার বোর্ড যেমন ছেড়া/ফাটা/ বাতিল/বাণিজ্যিক আকার ও আকৃতি বিহীন প্রভৃতি বৈশিষ্ট্য সম্পন্ন পেপার ও পেপার বোর্ড অপেক্ষাকৃত কম মূল্যে সংগ্রহ করে থাকে। পরে তা স্থানীয় তৈরী পোষাক, খেলনা ও প্রসাধন শিল্পসহ বিভিন্ন শিল্পের প্যাকেজিং এ ব্যবহারের লক্ষ্যে স্থানীয়ভাবে সরবরাহ করে থাকে। উল্লেখ্য, আমদানিকৃত এ সকল পণ্য পেপার ও পেপার বোর্ডের আন্তর্জাতিকভাবে স্বীকৃত সাধারণ পরিমাপের কোন বৈশিষ্ট্য সম্পন্ন নয়।

৩। বর্ণিত পণ্যের সঠিক শ্রেণীবিন্যাস ও এর পক্ষে যুক্তিসমূহ:

বিবেচ্য Recovered (waste and scrap) paper or paper board or FBB/Duplex board নামক পণ্যটি বিভিন্ন পেপার মিলের Wastage এবং কাটিং করা অংশ। এসকল পণ্য দেশীয় আমদানিকারকগণ অপেক্ষাকৃত কম মূল্যে আমদানি করে বিভিন্ন শিল্পের কাচাঁমাল তথা প্যাকেজিং কাজে ব্যবহারের লক্ষ্যে সরবরাহ করবেন। উল্লেখ্য, এ বিষয়ে বিগত ২৩/০১/২০২০ তারিখে জাতীয় রাজস্ব বোর্ডে সদস্য (কাস্টমস: নীতি) এর সভাপতিত্বে একটি সভা হয়। সভায় বিভিন্ন কাস্টম হাউসের প্রতিনিধিগণ বিষয়টি পর্যালোচনা করেন। পর্যালোচনায় দেখা যায় যে Bangladesh Customs Tariff (BCT) তে পণ্যটির সুনির্দিষ্ট বর্ণনার 47.07 হেডিং রয়েছে। সেখানে Recovered (waste and scrap) paper or paper board কে উক্ত হেডিং

এ শ্রেণিবিন্যাসিত করা হয়েছে। তবে কাস্টম হাউস, ঢাকার প্রতিনিধি সভায় উল্লেখ করেন যে ডুপ্লেক্স বোর্ডকে হেডিং 48.10 এ শ্রেণিনিব্যাস করা হয়েছে। তবে উক্ত হেডিং এ প্রমিত মান সম্পন্ন পেপার বোর্ড শ্রেণিবিন্যাসিত হতে পারে। তবে আলোচ্য পণ্যগুলো বিভিন্ন ধরনের পেপার ও পেপার বোর্ডের কাটিং করা উদ্বৃত্ত অংশ এবং ক্লিপিং। ফলে পেপার বোর্ড 48.10 হেডিং এ শ্রেণিবিন্যাসযোগ্য হলেও তার কাটিং করা অবাঞ্চিত অংশ, ক্লিপিং, শেভিং প্রভৃতি 47.07 হেডিং এ শ্রেণিবিন্যাসযোগ্য। কেননা Explanatory Notes এর ব্যাখ্যানুযায়ী Waste of paper or paperboard covered by this heading includes shavings, cuttings, clippings, torn sheets, old newspapers and journals, proof-sheets, printers' rejects and similar material। ফলে COLOR VISION নামীয় প্রতিষ্ঠান কর্তৃক আমদানিয় Recovered (waste and scrap) paper or paper board or FBB/Duplex board নামীয় পণ্যটি এইচএস কোড 4707.20.00 এ শ্রেণীবিন্যাসিত হওয়া যুক্তিযুক্ত মর্মে সভায় উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন।

৪। অগ্রিম রুলিং:

COLOR VISION কর্তৃক আমদানিয় 'Recovered (waste and Scrap) Paper or Paper Board or FBB/Duplex Board' নামক পণ্যটি Bangladesh Customs Tariff (BCT), General Interpretative Rules (GIR) এবং Explanatory Notes এর ব্যাখ্যানুযায়ী H.S. Code 4707.20.00 এ শ্রেণীবিন্যাসযোগ্য। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হলো।

৫। অগ্রিম রুলিং এর কার্যকারিতা:

এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৬। আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:

(ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিয় পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংক্ষুব্ধ হলে রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবরে লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত
(১৬/০২/২০২০ খ্রিঃ)
(সৈয়দ গোলাম কিবরীয়া)
সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি) ও
সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০১০.১৯/ ৬০ (        )

তারিখ: ১৭ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিঃ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব) /(পশ্চিম)/চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/কুমিল্লা/খুলনা/যশোর/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/(আপীল) চট্টগ্রাম/(আপীল) খুলনা।

১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২১-২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।

২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

২৪। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৫। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৬। সত্বাধিকারী, কালার ভিশন, ৫৫, পুরানো পল্টন, আজাদ সেন্টার, সুইট #১৩/এফ, ঢাকা-১০০০।

২৭। ব্যক্তিগত সহকারী, সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

17-02-2020

(মোঃ জাহাঙ্গীর আলম)
সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট ও
দ্বিতীয় সচিব
কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং
ই-মেইল: nbrclassification@gmail.com